



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

হিসাব পরিপত্র- ০৭/২০২৪

তারিখঃ ৩০ জুন ২০২৪


বিষয়ঃ পুনঃনির্ধারিত স্ট্যাম্প শুল্ক হার কার্যকর প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০২২ সনের ১৩ নং আইন, অর্থ আইন ২০২২ এর মাধ্যমে Stamp Act, 1899 (Act No. II of 1899) এর সংশোধন করে স্ট্যাম্প শুল্ক হার পুনঃনির্ধারণ করা হয়েছে। অত্র ব্যাংকের কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট পুনঃনির্ধারিত স্ট্যাম্প শুল্ক হার নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রঃনং	বিবরণ	পুনঃনির্ধারিত স্ট্যাম্প শুল্ক
১	স্বীকৃতিপত্র (ACKNOWLEDGEMENT)	
	(ক) ১,০০০/-টাকা থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত	২০/-
	(খ) ৫০,০০১/-টাকা থেকে তদুর্ধ্ব	৫০/-
২	শিক্ষানবিস দলিল সম্পাদন (APPRENTICESHIP DEED)	৩০০/-
৩	Letter of Guarantee (তৃতীয় পক্ষের গ্যারান্টি)	৩০০/-
৪	মূল দলিল জমা রাখার স্মারকলিপি	৩০০/-
৫	ঋণের জন্য বন্ধকী দলিল সম্পাদন (Mortgage Deed)	
	(ক) ১/-টাকা থেকে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত	২,০০০/-
	(খ) ৫০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত	৫,০০০/-
	(গ) ১,০০,০০,০০১/- টাকার অধিক মূল্যমানের জন্য-	
	(i) প্রথম ১,০০,০০,০০০/- টাকার জন্য-	৫,০০০/-
(ii) অবশিষ্ট অতিরিক্ত মূল্যমানের জন্য	০.১% হারে তবে সর্বোচ্চ ৫ কোটি টাকা	
৬	Demand Promissory Note (DP Note)	
	(ক) ১/-টাকা থেকে ৩,০০০/- টাকা পর্যন্ত	২০/-
	(খ) ৩,০০১/-টাকা থেকে ২০,০০০/- টাকা পর্যন্ত	৪০/-
	(গ) ২০,০০১/- টাকার অধিক মূল্যমানের জন্য-	১০০/-
৭	লেটার অব হাইপোথিকেশন	৩০০/-
৮	রসিদ (RECEIPT)	
	(ক) ১/-টাকা থেকে ৫০০/- টাকা মূল্যমান পর্যন্ত	শূণ্য
	(খ) ৫০১/- টাকার অধিক মূল্যমানের যে কোনো পরিমাণ অর্থ বা কাজ সম্পাদনের জন্য	১০/-

০২। বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে



মোঃ আঃ আলীম
সহকারী মহাব্যবস্থাপক

সূত্র নং-১/১১/৩০০/ ০২৬৬

তারিখঃ ৩০ জুন ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড এবং AVUB Archival System এ সংরক্ষণ করার অনুরোধসহ।
- সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
- সংশ্লিষ্ট নথি/মহানথি।


মোঃ মাইনুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার